CHHATNA POLICE STATION BANKURA

W.B. FORM No. 27

# FIRST INFORMATION REPORT

00938

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Bankura P.S. Chhatna Year 2017 FIR No. 117/17 Date 10/9/17
2. (i) Act IPC Sections 498A/304B/34 (ii) Act 34 IPC Sections ∝
   (iii) Act ∝ Sections ∝ Other Acts & Sections ∝
3. (a) General Diary Reference : Entry No. ............ Time ............
   (b) Occurrence of Offence : Day 15th Jaistha 2808 Date ............ Time 6:30 P.M
   (c) Information Received Date 10.09.2017 Time 10.05 Hours.
   G.D. No. 417 dt- 10/9/17 at the Police Station
4. Type of information : Written / Oral Written
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Approx 07 KM North West from PS
   (a) Address JL no - 140 Anchal no - IX Po is in the house of accd Laxmikanta Mal of Vill- Dumdumi, PS- Chhatna, Bnk.
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ∝
   District ∝
6. Complaint / Information :
   (a) Name Purna Mal
   (b) Father's / Husband's Name Lt Nemai Mal
   (c) Date / Year of Birth ∝
   (d) Nationality Indian
   (e) Address Vill- Kantapahari PS- Chhatna, Dist- Bankura.
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars (1) Laxmikanta Mal S/o Sudhir Mal (2) Sudhir Mal (3) Mother in Law, Thurna Mal W/O Sudhir Mal all of vill Dumdumi, PS- Chhatna, Bnk.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant Due to bad of the State of mind
9. Particulars of properties stolen / involved : (attach separate sheet, if required) : ∝
10. Total value of Properties stolen / Involved : ∝
11. Inquest report / U.D. : Case No. if any : ∝
12. FIR Contents : (Attach separate Sheet, if required) The original written Complaint of the Complainant treated as F.I.R is attached.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/304B/34 IPC

registered the case and tookup the investigation / directed SI Sadhan Sinha Mahapatra of Chhatna PS to take up the investigation transferred to P.S. ............ on point of jurisdictioin. FIR read over to the complaint / informant. admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

(signature) 10/9/17

Signature of the officer-in-charge, Police Station with

Name : Salil Kr Paul

Rank : O/C Officer-in-Charge Chhatna Police Station Dist.- Bankura

Number if any : ............

On the original written Complaint of the Complainant.

Signature / Thumb Impression of the Complainant / Informant

To,
The Officer-in-charge,
Chhatna Police Station,
Chhatna , Bankura

মহাশয়,

আমি শ্রী পূর্ন মাল, পিতা - ৺নিমাই মাল, গ্রাম কাটাপাহাড়ী, থানা - ছাতনা, জেলা - বাঁকুড়া। আপনাকে জানাই যে, আমার মেয়ে কবিতা মাল এর সহিত ছাতনা থানার দুমদুমি গ্রামের সুধীর মালের ছেলে লক্ষীকান্তর আজ থেকে প্রায় দুই বছর আগে হিন্দু শাস্ত্র মতে বিবাহ হয়। বিবাহের সময় ছেলে পক্ষের দাবীমত নগদ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, একটি সাইকেল, পাঁচটি দান সামগ্রী ধার দেনা ও লোকের সাহায্য নিয়ে দিয়াছিলাম। সেখানে কিছুদিন থাকার পর হইতেই আমার মেয়ের শ্বশুর, শ্বাশুড়ী ও স্বামী প্রায় দিনই বাপের বাড়ী থেকে টাকা আনার জন্য আমার মেয়ের উপর চাপ সৃষ্টি করিত। আমার মেয়ে আমার গরীব হওয়ার কথা বলাতে তাহাকে শারিরীক ও মানষিক নির্যাতন করিত। আমায় ঘটনার কথা জানালে আমার দুরাবস্থা কথা বলে আমার মেয়ের উপর নির্যাতন না করার জন্য আমার জামাই, বেয়ান ও বেয়াই কে অনুরোধ করে আসতাম তবুও তারা অত্যাচার করত বিশেষ করে বেয়ান সবসময়েই আমার মেয়েকে কারনে অকারনে অত্যচার করত। আমার মেয়ের একটি ছেলে আছে যাহার নাম লাদেন বয়স ১ বৎসর। ছেলে হওয়ার কিছুদিন পর থেকে টাকা আনার জন্য আমার মেয়েকে চাপ দিতে থাকে আমার মেয়ে, ভবিষ্যতে ঠিক হয়ে যাবে এই আশায় অত্যাচার সহ্য করেও সংসার করত। গত ১৫ ই জ্যৈষ্ঠ ১৪২৪ সাল তারিখে সন্ধ্যা ৬.৩০ মিনিট নাগাদ আমার মেয়ের সাথে আমার জামাই, বেয়াই ও বেয়ান প্রচন্ড ঝগড়া করে বাপের বাড়ী থেকে ৫০০০ /- (পাঁচ হাজার) টাকা আনার জন্য। আমার মেয়ের প্রতিবাদ করলে তারা সকলে মিলে তাকে মারধোর করে, মেয়ে তাদেরকে অত্যাচারে অতিষ্ট হয়ে থানা যাওয়ার জন্য বের হয় তখন তাহারা পরিকল্পিত ভাবে লক্ষী গায়ে আগুন লাগাচ্ছে লাগাচ্ছে চিৎকার করতে থাকে তার জন্য আমার মেয়ে বাড়ীতে ফিরে যায় সেই সময় আমার মেয়ের গায়ে আগুন লাগানো হয়। একথাও আমার মেয়ে আমাকে হাসপাতালে থাকা কালীন বলিয়াছিল। আমরা আমার মেয়েকে হাসপাতালে দেখতে গেলে সেখানে আমার জামাই, বেয়াই ও বেয়ান তাহাদের ভুলের ক্ষমা চেয়ে যাতে থানাতে অভিযোগ না করি তার জন্য কাকুতি, মিনতি করে। আমার মেয়েও তাদের এরুপ আচরন দেখে বলে ‘‘ বাবা আমি ভাল হয়ে যাব এবারের মতো ছেড়ে দাও ’’। গোবিন্দনগর হাসপাতালে আমার মেয়ের চিকিৎসা ১৫ ই জ্যৈষ্ঠ ১৪২৪ থেকে ২২ শে জ্যৈষ্ঠ ১৪২৪ পর্যন্ত্য হয়। সেখান থেকে ছুটি হওয়ার পর আমার মেয়েকে আমি হার্দিক হাসপাতাল, স্থানীয় ডাক্তার এবং বাঁকুড়া গোবিন্দনগর হাসপাতালে চিকিৎসা করাইয়াছি। আমার বাড়ীতে থাকা কালীন আমার মেয়ের খবর আমার জামাই , বেয়াই ও বেয়ান লইত। গত ১৪ ই আষাঢ় ১৪২৪ সাল আমার মেয়েকে আমার জামাই শ্বশুর বাড়ীতে নিয়ে আসে। আমি তখন ডাক্তারবাবুরা যে পরামর্শ দিয়াছে যেমন স্থানীয় ডাক্তারকে দিয়ে প্রতিদিন ক্ষত স্থান পরিস্কার করা, ঠিক মতো ঔষধ পত্র দেওয়া ও সাস্থ্যকর খাবার

Received on 10/9/17 at 10.05 Hours and Started Chhatna P-S Case No-117/17 dt-10/9/17 u/s-498A/304B/34 IPC
[signature] 10/9/17
Officer-in-Charge
Chhatna Police Station
Dist.- Bankura

খাওনোর কথা মনে করিয়ে দি। তাহারা কোনরূপ অন্যথা হইবেনা বলিয়া আশ্বাস দেয়। আমি আমার মেয়েকে শ্বশুর বাড়ীতে পাঠানোর পর জামাই এর কাছ থেকে খবরা খবর নিতাম। গত ১৩ ই ভাদ্র ১৪২৪ তারিখে সকালে আমাকে আমার জামাই খবর দেয় কবিতার অবস্থা খারাপ আমি তৎক্ষনাৎ বাড়ী হইতে দুমদুমিতে আসি এসে দেখি আমার মেয়ে মরনাপন্ন অবস্থায় শায়িত আছে। মেয়ে আমাকে দেখে মৃদু আওয়াজে কাঁদতে কাঁদতে বলে ‘‘ আমাকে মারার জন্য এরা আনল আমাকে ডাক্তার না দেখিয়ে খেতে না দিয়ে মেরে দিল বাবা তুমি এদের ছেড়না নাতিকে দেখবে ’’। সেদিনই আমার মেয়ে মারা যায় আমার মেয়ের মৃত দেহের ময়নাতদন্ত আপনার থানার মাধ্যমে হইয়াছে। আমার মেয়ের মৃত্যুতে দুঃখ পাওয়ায় অভিযোগ জানাতে দেরি হইল। যাহাতে আমার মেয়েকে অত্যাচার করে আগুন লাগিয়ে দিয়ে এবং পরে পরিকল্পিত ভাবে ডাক্তার না দেখিয়ে , না খেতে দিয়ে পৃথিবী থেকে চলে যেতে বাধ্য করার জন্য আমার জামাই , বেয়াই ও বেয়ানের বিরুদ্ধে উপযুক্ত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয় তাহার অনুরোধ জানাই। আমি লেখা পড়া জানিনা আমার কথামতো টাইপ করিয়া আমাকে পড়িয়া শুনাইবার পর আমার কথা মতো লেখা হয়েছে জানিয়া আমার টিপ সহি দিলাম।

তারিখ ঃ- 10/9/2017

বিনীত

টিপ সহি - পূর্ণ মাল
বকলমে - [illegible] চৌধুরী

জামাই - লক্ষীকান্ত মাল, পিতা - সুধির মাল,
শ্বশুর - সুধির মাল, পিতা - সতিশ মাল,
শ্বাশুড়ী - ঝুমা মাল, স্বামী - সুধির মাল

সর্ব্বসাকিম - দুমদুমি, পোঃ- খড়বনা, থানা - ছাতনা, জেলা - বাঁকুড়া।

[illegible] - শ্রী [illegible] চৌধুরী
পিতা - [illegible] চৌধুরী
গ্রাম - [illegible]
পোঃ থানা + জেলা - বাঁকুড়া